**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 03-01-2026** **Time: 1.30 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে ভগবান বুদ্ধের স্মৃতি বিজরিত পবিত্র পিপ্‌রাওয়া স্মারকের একটি আন্তর্জাতিক প্রদর্শনীর উদ্বোধন করেছেন।

২/ পশ্চিমবঙ্গে তিন আদিবাসী জনজাতির নাম চূড়ান্ত ভোটার তালিকায় সরাসরি উঠে যাবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। # SIR প্রক্রিয়ায় এবার প্রজেনি ম্যাপিং বা পূর্ব পুরুষ সংক্রান্ত তথ্যে সংশয় রয়েছে, এমন ভোটারদের ডাকা হচ্ছে।

৩/ নতুন বছরের শুরুতে রাজ্যে গণবন্টন ব্যবস্থার ওপর নজরদারি আরো কঠোর করা হচ্ছে।

৪/ কেন্দ্রীয় মৎসপালন দপ্তর, দেশের বিভিন্ন প্রজাতির মাছের চাষ বৃদ্ধি করতে উদ্যোগী হয়েছে।

৫/ আবহাওয়া দপ্তর, উত্তর ভারতের কয়েকটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ঘন কুয়াশার লাল সতর্কতা জারি করেছে। # দিল্লী বিমান বন্দরে বাতিল করা হয়েছে ৭২ টি উড়ান ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে ভগবান বুদ্ধের স্মৃতি বিজরিত পবিত্র পিপ্‌রাওয়া স্মারকের একটি আন্তর্জাতিক প্রদর্শনীর উদ্বোধন করেছেন। আলো এবং পদ্ম- পবিত্র স্মারক শীর্ষক এই প্রদর্শনীটি প্রধানমন্ত্রী ঘুরে দেখেন। শ্রী মোদী বলেন, দীর্ঘ প্রতীক্ষার পর দেশের ঐতিহ্য ফিরে এসেছে । এখন থেকে দেশবাসী ভগবান বুদ্ধের এই পবিত্র নিদর্শনগুলির দর্শন পাবেন এবং তাঁর ঐশ্বরিক আশীর্বাদ লাভ করবেন।

(বাইট)

১৮৯৮ সালে আবিষ্কৃত পিপরাওয়া এই ধ্বংসাবশেষগুলো বৌদ্ধধর্মের সূচনালগ্নে প্রত্নতাত্ত্বিক গবেষণায় একটি বিশেষ স্থান অধিকার করে রয়েছে।

এই প্রথম প্রায় একশো বছর আগে পিপরাওয়া থেকে উদ্ধার হওয়া প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলি, যা এতদিন নতুন দিল্লি ও কলকাতার জাতীয় যাদুঘরে সংরক্ষিত ছিল, তা তুলে ধরা হল। এই স্মারকগুলি, ভগবান বুদ্ধের বাল্য জীবনের সঙ্গে সরাসরি সম্পর্কিত প্রাচীনতম এবং ঐতিহাসিকভাবে সবচেয়ে গুরুত্বপূর্ণ নিদর্শনগুলোর অন্যতম। ভগবান বুদ্ধ সন্ন্যাস গ্রহণের আগে তাঁর জীবনের প্রথমার্ধ কাটিয়েছিলেন জন্মভূমি কপিলাবাস্তুতে। প্রাপ্ত সামগ্রীগুলি সেই ইতিহাসের ধারাকে অনুসরণ করে।

এই প্রদর্শনীর মধ্য দিয়ে ভারতীয় সভ্যতায় ভগবান বুদ্ধের শিক্ষার প্রভাব যেমন প্রতিফলিত হচ্ছে, তেমনি দেশের আধ্যাত্মিক ও সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষায় প্রধানমন্ত্রীর অঙ্গীকার'ও বাস্তবায়িত হচ্ছে। সরকারি পর্যায়ে নিরবিচ্ছিন্ন উদ্যোগ, বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতা এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্বের কারণে এ ধরণের যে নিদর্শনগুলি বিদেশে চলে গিয়েছিল, তা' আবার ফিরিয়ে আনা সম্ভব হয়েছে।

----------------

বীরহর, টোটো ও শবর, এই তিন আদিবাসী জনজাতির ভোটারদের নাম পশ্চিমবঙ্গের চূড়ান্ত ভোটার তালিকায় সরাসরি উঠে যাবে বলে ভারতের নির্বাচন কমিশন জানিয়েছে। এই আদিবাসী জনজাতির ভোটারদের কোনও নথি দেখাতে হবে না বলেও নির্বাচন কমিশন এক নির্দেশিকায় জানিয়েছে।

কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকরা, ব্লক উন্নয়ন আধিকারিক(BDO)-দের কাছে তাদের অঞ্চলে এই জনজাতির ভোটারদের যাবতীয় তথ্য আপলোড করার নির্দেশ দিয়েছে।

----------------

কেন্দ্রীয় মৎসপালন দপ্তর, দেশের বিভিন্ন প্রজাতির মাছের চাষ বৃদ্ধি করতে উদ্যোগী হয়েছে। দেশে ৮০ প্রজাতির মাছ চাষ হলেও, মূলতঃ রুই কাত্‌লা, মৃগেল ও

গলদা  চিংড়ির মতো কয়েকটি মাছের চাষ'ই বেশী হয়। দপ্তর, প্রধানমন্ত্রী মৎস সম্পদ যোজনা, প্রধানমন্ত্রী মৎস কিষাণ সমৃদ্ধি সহ যোজনা এবং 'ফিসারিশ অ্যান্ড অ্যাকুয়া কালচার ইনফ্রস্ট্রাকচার ডেভলপমেন্ট ফান্ড'-এর মাধ্যমে মৎস চাষিদের সুবিধার্থে ঋণের ব্যবস্থা করেছে।

----------------

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ আজ ভেলোরের স্বর্ণ মন্দিরের প্রধান পুরোহিত শক্তি আম্মার ৫০তম জন্মদিন উপলক্ষে ওই মন্দির দর্শন করেন। উপরাষ্ট্রপতি বলেন, এই মন্দিরটি দেশের দুটি স্বর্ণ মন্দিরের ১ অন্যতম। এখানে উপাসনার পাশাপাশি সেবামূলক নানা উদ্যোগ নেও হয়। সামাজিক কল্যাণমূলক প্রকল্প গ্রহণের জন্য তিনি মন্দির প্রশাস প্রশংসা করেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন।

----------------

শ্রীলঙ্কার নৌবাহিনী আজ কোডিয়াক্কারাইতে মায়িলাদুথুরাইয়ের নয় মৎস্যজীবীকে গ্রেপ্তার করেছে। তাঁরা গতকাল দুটি ফাইবার নৌকায় করে সমুদ্রে গিয়েছিলেন এবং কোডিয়াক্কারাইয়ের কাছে সমুদ্রে মাছ ধরার সময় শ্রীলঙ্কার নৌবাহিনী তাদের

আন্তর্জাতিক জলসীমায় অনুপ্রবেশের অভিযোগে গ্রেপ্তার করে। দুটি ফাইবার নৌকাও বাজেয়াপ্ত করেছে।

-----------------

বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি(BNP)-র চেয়ারপার্সন খালেদা জিয়ার প্রয়াণের পর, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান তাঁর স্থলাভিষিক্ত হবেন। দলের পক্ষ থেকে জানানো হয়েছে, তিনি চেয়ারম্যান হিসাবে কাজ শুরু করেছেন, তবে কোনও আনুষ্ঠানিক ঘোষণা এখনও হয়নি।

আগামী ১২ ই ফেব্রুয়ারি, সেদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে, এই সিদ্ধান্ত বিশেষ গুরুত্বপূর্ণ। যদিও, এই নির্বাচনে প্রচারের বিষয় নিয়ে পর্যালোচনার প্রয়োজন রয়েছে বলে দলীয় সূত্রে খবর। নির্বাচনী বিধি অনুযায়ী বাংলাদেশে প্রচারের সময় শুধু দলীয় নেতৃত্বের ছবি ব্যবহার করার নির্দেশ রয়েছে। BNP-র স্থায়ী কমিটির চেয়ারম্যান সালাহউদ্দিন আহমেদ বলেছেন, তাঁরা এ ব্যাপারে নির্বাচন কমিশনের সঙ্গে কথা বলবেন। উল্লেখ্য, দীর্ঘ অসুস্থতার পর বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও BNP চেয়ারম্যান খালেদা জিয়া গত মাসের ৩০ তারিখে প্রয়াত হন।

----------------

২০২৫ সালে স্বাধীনতা দিবসের ভাষণে লালকেল্লার প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতির পরিবর্তনশীল মানসিকতার চিত্র তুলে ধরেন। এ প্রসঙ্গে তিনি বলেন, শিশুরা এখন খেলাধুলায় আগ্রহী হলে বাবা-মায়েরা খুশি হন। বিকশিত ভারত গড়ে তুলতে এই মানসিকতার পরিবর্তন ভীষণ গুরুত্বপূর্ণ। একটি প্রতিবেদন-

(ভিসি- কাশফিন)

----------------

আবহাওয়া দপ্তর, দিল্লি, হরিয়ানা, পাঞ্জাব, চন্ডীগড় ও উত্তর প্রদেশে আগামী ৯'তারিখ পর্যন্ত ঘন কুয়াশা থাকার পূর্বাভাস দিয়েছে। এসংক্রান্ত লাল সতর্কতা জারির পাশাপাশি, দপ্তর আরো জানিয়েছে, হিমাচল প্রদেশের বিভিন্ন স্থানে শৈত্য প্রবাহ বইতে পারে। উত্তরাখন্ডেও কোন কোনো অঞ্চলের মাটিতে পাতলা বরফের স্তর তৈরী হওয়ার সম্ভাবনা আছে। বিহারে সোমবার পর্যন্ত বিভিন্ন স্থানে শীতের তীব্রতা অব্যাহত থাকবে।

এদিকে, ঘন কুয়াশার ফলে জাতীয় রাজধানী অঞ্চলে বিমান ও ট্রেন পরিষেবা ব্যাহত হচ্ছে। দিল্লি বিমান বন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, ৭২ টি উড়ান বাতিল করা হয়েছে। ভারতীয় রেলের পক্ষ থেকে জানানো হয়েছে, দিল্লিমুখী বিভিন্ন ট্রেন ধীর গতিতে চলছে। আটটি ট্রেন নির্ধারিত সময়ের থেকে তিন ঘন্টা দেরীতে চলছে।

---------------------------

ছত্তিশগড়ের বিজাপুর জেলায় আজ নিরাপত্তারক্ষী ও মাওবাদীদের সংঘর্ষে, দুই মাওবাদীর মারা গেছে। নির্দিষ্ট খবরের ভিত্তিতে, জেলা নিরাপত্তারক্ষীরা আজ বাসাগুড়া এলাকায় অভিযান চালায়। গগনপল্লি গ্রামের কাছে আজ সকালে সংঘর্ষ শুরু হয়। উভয় পক্ষের তরফ থেকেই গোলাগুলি চলে। সংঘর্ষ শেষে দুই মাওবাদীর দেহ উদ্ধার করা হয়।

---------------------------

দক্ষিণ ও মধ্য মেক্সিকোয় গতকাল রিখটার স্কেলে ৬ দশমিক ৫ মাত্রার তীব্র ভূমিকম্পে অন্তত ২ জন মৃত ও আহত আরও ১২ জন। ভূমিকম্পের উপকেন্দ্র ছিল প্রশান্ত মহাসাগর উপকূলে আকাপুল্কোর কাছে, দক্ষিণ গুয়েরেরোর সান মার্কোস শহরের কাছে। গুয়েরেরোয় ঘর ভেঙে পড়ে বছর ৫৬-র এক বৃদ্ধার মৃত্যু হয়। অন্যদিকে, উদ্ধারকাজ চালানোর সময়ে মেক্সিকো সিটি শহরে ৬৭ বছরের এক বৃদ্ধার মৃত্যু হয়। আকাপুল্কোর পাশে ও বহু জাতীয় সড়কে ধ্বস নেমেছে বলে সেদেশের স্বরাষ্ট্র দফতর জানিয়েছে। মার্কিন সর্বেক্ষণ বিভাগ জানিয়েছে, আকাপুল্কোর ৫৭ মাইল উত্তর-পূর্বে, গুয়েরেরোর র‍্যাঞ্চো ভিয়েজোর ২ দশমিক ৫ মাইল উত্তর পূর্বে, ২১ দশমিক ৭ মাইল গভীরে এই ভূমিকম্প হয়।

---------------------------

আইপিএল ২০২৬-র প্রাক্কালে, ভারতের ক্রিকেট কন্ট্রোল বোর্ড(BCCI) বাংলাদেশের পেস বোলার মুস্তাফিজুর রহমানকে তাদের দল থেকে ছেড়ে দেওয়ার জন্য কলকাতা নাইট রাইডার্স-কে আর্জি জানিয়েছে। চেন্নাই সুপার কিংস ও দিল্লী ক্যাপিটালসের সঙ্গে লড়াই করে আইপিএল নিলামে KKR গতমাসে তাঁকে ৯ দশমিক ২০ কোটি টাকা দিয়ে কেনে। ক্রিকেট কন্ট্রোল বোর্ডের সম্পাদক দেবজিত সইকিয়া বলেছেন, এর ফলে KKR-কে অন্য খেলোয়াড় নেওয়ার সুযোগ দেওয়া হবে।

বাংলাদেশে দীপু চন্দ্র দাসের হত্যার প্রেক্ষিতে, মুস্তাফিজুর রহমানকে KKR-এ খেলার জন্য কেনার ফলেই এই সমস্যা।

উল্লেখ্য, মুস্তাফিজুর রহমান ২০১৬ সাল থেকে ৮ টি আইপিএলে অংশগ্রহণ করেছেন।

---------------- ----------------